



উপজেলা পরিক্রমা

বাগাতিপাড়া

নাটোর, ২১ জানুয়ারী (সংবাদদাতা)।—
নাটোর জেলার ৬টি উপজেলার মধ্যে
১টি হলো বাগাতিপাড়া। হযরত শাহ
মোকাররম দানেশ মাদ (রঃ) এবং তাঁর
দাদা সফী হযরত আব্দুল হামিদ দানেশ
মাদ (রঃ) এর মাতা ও সঙ্গী কয়েকজন
আউলিয়ার মাজার, আর ইংরেজ আমলে
নীলকরদের অত্যাচারের স্মৃতি ভগ্নপ্রায়
নীলকুঠি এ উপজেলার অন্যতম প্রধান
ঐতিহাসিক আকর্ষণ।
বাগাতিপাড়া উপজেলার আয়তন ৫৪ বর্গ
মাইল। এই উপজেলায় আছে ৪টি
ইউনিয়ন পরিষদ, ৯০টি মৌজা এবং
১৩৭টি গ্রাম। এখানে ৪৫,৮০২ জন
পুরুষ এবং ৪১,৬৬৫ জন স্ত্রীলোকসহ
মোট ৮৭,৪৬৭ জন লোক বাস করেন।
কৃষি
২টি নদী মুসা খাঁ আর বড়াল বিদ্যোত
বাগাতিপাড়া উপজেলায় মোট ৩১,০২৬
একর কৃষি জমি এবং ৩৫৩৩.৭৫ একর
অকৃষি জমি আছে। এখানে ৩৩টি গভীর
নলকূপ, ১৫০টি অগভীর নলকূপ, ১২টি
এল, এল, পি, ২৫০টি হস্তচালিত অগভীর
নলকূপ এবং ৭৬১টি পানীয় জলের
নলকূপ আছে।
শিক্ষা
এই উপজেলায় ৩০টি সরকারী প্রাথমিক

বিদ্যালয়, ৬টি বেসরকারী প্রাথমিক
বিদ্যালয়, ১১টি উচ্চ বিদ্যালয়, ১টি
মহাবিদ্যালয় (ইন্টারমিডিয়েট), ১১টি
মাদ্রাসা, ১টি জুনিয়র উচ্চ বিদ্যালয়, ১টি
বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্র এবং ১টি
পাবলিক লাইব্রেরী আছে। এই
উপজেলার শিক্ষার হার ১৬.৬%।
স্বাস্থ্য
বাগাতিপাড়া উপজেলায় ১টি হেলথ
কমপ্লেক্স, ২টি দাতব্য চিকিৎসালয় এবং
২টি পরিবার কল্যাণ কেন্দ্র আছে।
যোগাযোগ
এই উপজেলায় ১৭.৭১ কিলোমিটার
পাকা এবং ৬০৪ কিলোমিটার কাঁচা রাস্তা
আছে। উপজেলায় সূঁচ যোগাযোগ ব্যবস্থা
প্রতিষ্ঠার জন্য বাগাতিপাড়ায় আরো পাকা
রাস্তা নির্মাণ করা দরকার। এখানে ৬টি
ফেরীঘাট ও ৩টি রেল স্টেশন আছে।
এছাড়াও আছে ৫টি ডাকঘর এবং ১টি
টেলিগ্রাম অফিস ও টেলিফোন এক্সচেঞ্জ।
ব্যবসা
বাগাতিপাড়ায় মোট হাটবাজার আছে ৮টি
আর বাংক আছে ৫টি।
ধর্মীয় প্রতিষ্ঠান
বাগাতিপাড়ায় মোট ২১৫টি মসজিদ, ৮টি
মন্দির এবং ১টি গীর্জা আছে।